মেহেরপুরে বঙ্গবন্ধু জাতীয় চ্যাম্পিয়নশিপ ফুটবল টর্নামেন্ট

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সহযোগীতায় বঙ্গবন্ধু জাতীয় চ্যাম্পিয়নশিপ ফুটবল টর্নামেন্ট ২০২০ এর উদ্বোধন করা হয়েছে।
মঙ্গলবার বিকালে মেহেরপুর স্টেডিয়ামে উদ্বোধন করেন মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলী।
অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ইবাদত হোসেন, মেহেরপুর জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, চুয়াডাঙ্গা ফুটবল এসোসিয়েশনের সহ-সভাপতি ইমরান হোসেন, রেজাউল হক জোয়ার্দ্দার বাকুফে প্রতিনিধি শহিদুল ইসলাম বাদশা।
উদ্বোধনী খেলায় চুয়াডাঙ্গা ১-০ গোলে মেহেরপুরকে পরাজিত করে। বিজয়ী দলের তরুণ জয়সূচক গোল করেন।

খেলাটি পরিচালনা করেন পার্থ প্রতিম। তাকে সহযোগীতা করেন কামাল ও জুনায়িদ। মেহেরপুর এবং চুয়াডাঙ্গার বিপুল সংখ্যক দর্শক খেলাটি উপভোগ করেন।

মেপ্র/ইএম

সুস্থ মন, সুস্থ শরীর গড়তে খেলাধূলার বিকল্প নেই — এমপি সাহিদুজ্জামান খোকন

বাংলাদেশ জাতীয় সাবেক ফুটবলারদের অংশ গ্রহনে মেহেরপুরের গাংনীতে ব্যাপক উৎসাহ উদ্দীপনা ও জাঁকজমকপূর্ণভাবে প্রীতি ফুটবল খেলা

অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকাল সাড়ে ৩ টার সময় গাংনীর ঐতিহ্যবাহী ভাটপাড়া কুঠি ফুটবল মাঠে প্রীতি খেলা অনুষ্ঠিত হয়েছে। নারায়নগঞ্জ জেলা রাইজিং সান ফুটবল একাদশ বনাম কুষ্টিয়া জেলা সোনালী অতীত ফুটবল একাদশের মধ্যে প্রীতি ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। ৭০-৮০ দশকের জাতীয় পর্যায়ের একাধিক খেলোয়াড়দের সমন্বয়ে গঠিত দুটি দল নিয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। এ খেলায় নারায়নগঞ্জ একাদশ ৩-২ গোলে মেহেরপুর জেলা সোনালী অতিত ক্লাবকে পরাজিত করে।

গাংনীর ভাটপাড়া নীলকুঠি উন্নয়ন সংঘের আয়োজনে কাথুলী ইউনিয়ন যুবলীগের সাধারন সম্পাদক সুমন আহম্মেদ স্বপনের সঞ্চালনায় অনুষ্ঠানে কাথুলী ইউপি আ.লীগের সাবেক সাধারন সম্পাদক জাবের আলীর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রতিযোগিতার শুভ উদ্বোধন ঘোষনা করেন,মেহেরপুর-গাংনী আসনের জাতীয় সংসদ সদস্য সাবেক ছাত্রনেতা ও গাংনী উপজেলা আ.লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,গাংনী উপজেলা আ.লীগের সাধারন সম্পাদক গোলাম মোস্তফা, গাংনী থানার অফিসার ইনচার্জ ওবাইদুর রহমান, গাংনী পৌর সভার মেয়র আশরাফুল ইসলাম,গাংনী উপজেলা আ.লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান, মেহেরপুর জেলা পরিষদের সদস্য তৌহিদ মুর্শেদ অতুল, মজিরুল ইসলাম, আ.লীগ নেতা মনিরুজ্জামান আতু।

প্রধান অতিথির বক্তব্যে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, খেলাধূলা দৈহিক কাঠামো সুদৃঢ় করতে এবং সুস্থ শরীর সুস্থ মন গড়তে খেলাধূলার বিকল্প নেই। খেলাধূলা মাদকাসক্তি, জঙ্গীবাদ ও সন্ত্রাসী কর্মকান্ড থেকে জীবনকে তথা দেশকে সুন্দর করে গড়ে তুলতে সহায়তা করে। খেলাধূলার সুন্দর পরিবেশ গড়ে তুলতে ইতোমধ্যেই যুব ও ক্রীড়া মন্ত্রণালয় নানা উদ্যোগ গ্রহন করেছেন। গাংনীতেও শেখ রাসেল নামে একটি মিনি ষ্টেডিয়াম তৈরী করা হবে।

এসময় উপজেলা কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,গাংনী থানা যুব মহিলালীগের সভাপতি শাহানা ইসলাম সাবেক ফুটবলার আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ। এসময় আমন্ত্রিত অতিথিবৃন্দ ছাড়াও রাজনৈতিক নেতৃবৃন্দ ও ইউনিয়নের জনপ্রতিনিধি,সুধী বৃন্দ উপস্থিত ছিলেন।

খেলা আমন্ত্রিত দল নারায়নগঞ্জ জেলা রাইজিং সান ফুটবল একাদশ বনাম কুষ্টিয়া জেলা সোনালী অতীত ফুটবল একাদশের মধ্যে অনুষ্ঠিত হয়।

নারায়নগঞ্জ জেলা ৩-২ গোলে স্বাগতিক কুষ্টিয়া জেলা একাদশকে হারিয়ে বিজয় লাভ করে। খেলাটি পরিচালনায় প্রধান রেফারী হিসাবে আব্বাস আলী, সহকারী রেফারী মাহবুবুর রহমান ও টুটুল। কুষ্টিয়া জেলা দলের কোচ হিসাবে ছিলেন,আমিরুল ইসলাম অল্ডাম। খেলায় বিজয়ী দলকে ক্রেষ্ট উপহার দেয়া হয়। মাঠে হাজার হাজার দর্শক খেলা উপভোগ করেন।

– নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে গোভীপুর ভৈরব ক্লাব ফুটবলে আমঝুপি শিশু কিশোর সংঘ ফাইনালে

মেহেরপুর সদর উপজেলা গোভীপুর ভৈরব ক্লাব ফুটবল টুর্নামেন্টে আমঝুপি শিশু কিশোর সংঘ ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করেছে।

গতকাল শুক্রবার বিকালে গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত প্রথম সেমিফাইনাল খেলায় আমঝুপি শিশু কিশোর সংঘ ১-০ গোলে ভাটপাড়া একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের পিন্টু জয়সূচক গোলটি করে।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে ছহিউদ্দিন স্মৃতি

ফুটবল টুর্নামেন্টে ভবন্দপুর আশরাফপুর একাদশ জয়ী

মেহেরপুর সদর উপজেলা মোমিনপুর ডায়মন্ড ক্লাবের উদ্যোগে মোমিনপুর মাঠে অনুষ্ঠিত ছহিউদ্দিন স্মৃতি ফুটবল টুর্নামেন্টে ভবন্দপুর আশরাফপুর একাদশ জয়লাভ করেছে।

বৃহস্পতিবার অনুষ্ঠিত খেলায় ভবন্দপুর আশরাফপুর একাদশ ২-০ গোলে বামুন্দী একাদশকে পরাজিত করে। বিজয়ী দলের খাদেমুল ও সুবেল ১টি করে গোল করেন। খেলায় খাদেমুল সেরা খেলোয়াড় নির্বাচিত হন।

খেলা শেষে জেলা পরিষদের সদস্য রকিবুল ইসলাম পুরস্কার বিতরণ করেন । এসময় মোমিনপুর ডায়মন্ড ক্লাবের সভাপতি জয়নাল আবেদীন, সম্পাদক রিপন, এসআই আব্বাস আলী, ইউপি সদস্য আরমান আলী উপস্থিত ছিলেন।
— নিজম্ব প্রতিনিধি

চুয়াডাঙ্গায় বঙ্গমাতা জাতীয় গোল্ডকাপ ফুটবল টূর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেচ্ছা মুজিব জাতীয় গোল্ডকাপ ফুটবল অনূর্ধ-১৭, ২০১৯ এর বালিকা বিভাগের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ সম্পন্ন হয়েছে।

ফাইনালে দামুড়হুদা উপজেলা বালিকা দল ২-০ গোলে আলমডাঙ্গা উপজেলা বালিকা দলকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

শুক্রবার দুপুর ১২টায় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে প্রতিযোগিতার ফাইনাল শেষে চ্যাম্পিয়ন-রানার আপ দলের হাতে পুরস্কার তুলে দেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

চ্যাম্পিয়ন দলের পক্ষে গোল করে ফাগুন ও বেবী। এ ছাড়া টূর্নামেন্ট সেরা নির্বাচিত হয় রানার আপ দলের অধিনায়ক বিদিশা, ম্যান অব দি ফাইনাল ফাগুন ও সর্বোচ্চ গোলদাতার পুরস্কার লাভ করে চ্যাম্পিয়ন দলের দলনায়ক বেবী।

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) খোন্দকার ফরহাদ আহম্মদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ইয়াহ্ ইয়া খান, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মনিরা পারভীন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার এসএম মুনিম লিংকন, এনডিসি সিব্বির আহম্মেদ, নির্বাহী ম্যাজিস্ট্রেট খাইরুল ইসলাম, জেলা ক্রীড়া অফিসার আমানুল্লাহ আহাম্মেদ প্রমুখ।

বিকেল ৫টায় একই মাঠে চুয়াডাঙ্গা জেলা পর্যায়ের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নমেন্টের বালক বিভাগের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

হেরেও আলোচনায় বাংলাদেশের লড়াকু ফুটবল

এএফসি অনূর্ধ্ব-১৬ চ্যাম্পিয়নশিপের বাছাইপর্বে হার নিয়ে মিশন শুরু করেছে বাংলাদেশ। তবে অপেক্ষাকৃত শক্তিধর দলের বিপক্ষে এদিন হারলেও নজর কেড়েছে বাংলাদেশের লড়াকু ফুটবল। নিজেদের প্রথম ম্যাচে বুধবার ২০২২ বিশ্বকাপের আয়োজক দেশ কাতারের কাছে ২-০ গোলে হার দেখে লাল-সবুজের প্রতিনিধিরা। দোহায় এদিন দুর্দান্ত নৈপুণ্য দেখান বাংলাদেশের গোলরক্ষক মেহেদী হাসান। বয়সভিত্তিক ফুটবলে গোলরক্ষক মেহেদী হাসানের বীরত্বের কাহিনী নতুন নয়।

গত বছর মেহেদীর দুর্দান্ত নৈপুণ্যে অনূর্ধ্ব-১৫ সাফ চ্যাম্পিয়নশিপ জিতেছিল বাংলাদেশ। সেবার সেমিফাইনালে ভারতের বিপক্ষে টাইব্রেকারে তিনি শট ঠেকিয়েছিল দুটি। আর ফাইনালে বদলি নেমে পাকিস্তানের বিপক্ষে টাইব্রেকারে ঠেকান তিনটি শট। বুধবার

মোটামুটি গোটা ম্যাচেই ভালো খেলেছে বাংলাদেশ, অসাধারণ খেলেছেন মেহেদী। সুযোগও এসেছিল পরিষ্কার। কিন্তু খেলোয়াড়রা সুযোগের সদ্ব্যবহার করতে না পারায় পয়েন্টবঞ্চিত থাকে বাংলাদেশ।

অন্যদিকে নিজেদের মাঠে সুযোগ কাজে লাগিয়ে ম্যাচে উতরে যায় কাতার। প্রথমার্ধে গোলশূন্য সমতা শেষে ৫৮তম মিনিটে অপ্রত্যাশিত এক গোল খেয়ে মনোবল ভেঙে যায় কিশোরদের। কাতারের স্ট্রাইকার রশিদ আবদুল আজিজের দুর্বল এক শট সামনে থাকা ডিফেন্ডাররা আটকে দেবেন, এমনটা ভেবে মেহেদী আর নিজের জায়গা থেকে নড়েননি। আর ডিফেন্ডাররাও হয়তো মনে করেছিলেন মেহেদী আটকে দেবে শটটা! আর এই ভুল বোঝাবুঝির ফায়দা নেন আবদুল আজিজ। এক গোলে এগিয়ে যায় কাতার। শেষদিকে অতি আক্রমণাত্মক বাংলাদেশকে প্রতি আক্রমণের খেলায় হারিয়ে দিয়ে ৮৯তম মিনিটে কাতারের দ্বিতীয় গোল করেন আল দোসারি।

ম্যাচে গোল করার সুযোগ পেয়েছিলেন বাংলাদেশের জনি শিকদার, মইনুল ইসলাম, কাজিরুল ইসলামরা। কিন্তু লাভ হয়নি। একের পর এক মিসের খেসারত দেন শেষ পর্যন্ত। এএফসি বাছাইয়ে গ্রুপ ‘এফ’ এর অন্য ম্যাচে জয় পেয়েছে ইয়েমেন। ভুটানকে উড়িয়ে দিয়েছে তারা ১০-১ ব্যবধানে। ২২ সেপ্টেম্বর দ্বিতীয় ম্যাচে বাংলাদেশের প্রতিপক্ষ দুরন্ত ফর্মে থাকা ইয়েমেন। গ্রুপের রানার্স আপ হতে পারলেও ২০২০ সালে বাহরাইনে অনুষ্ঠিত হতে যাওয়া এএফসির বয়সভিত্তিক শীর্ষ পর্যায়ের এই টুর্নামেন্টে খেলার সুযোগ থাকবে বাংলাদেশের। স্পোর্টস ডেস্ক